# সিন্যাপস

## বিসিএস স্পেশাল

## সাম্প্রতিক

SYNAPSE
MEDICAL ACADEMY

# রাষ্ট্রের বিভিন্ন খাতে সংস্কার

**♦১ম দফায় গঠিত ৬ সংস্কার কমিশন (৩ অক্টোবর, ২০২৪):**

| সংস্কার | প্রধান |
|---|---|
| **নির্বাচনব্যবস্থা** | বদিউল আলম মজুমদার |
| **পুলিশ** | সফর রাজ হোসেন |
| **বিচার বিভাগ** | বিচারপতি শাহ আবু নাঈম মমিনুর রহমান |
| **দুর্নীতি দমন** | ইফতেখারুজ্জামান |
| **জনপ্রশাসন** | আবদুল মুয়ীদ চৌধুরী |
| **সংবিধান** | আলী রীয়াজ |

- ৬ কমিশনের প্রধানদের নিয়ে ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে 'জাতীয় ঐকমত্য কমিশন' গঠিত হয়: ১৫ ফেব্রুয়ারি, ২০২৫।
- ৭ সদস্যবিশিষ্ট জাতীয় ঐকমত্য কমিশনের সভাপতি: ড. মুহাম্মদ ইউনূস; সহসভাপতি: অধ্যাপক আলী রীয়াজ।
- উদ্দেশ্য: গঠিত কমিশনগুলোর সুপারিশ বিবেচনা ও গ্রহণের লক্ষ্যে জাতীয় ঐকমত্য গঠনের জন্য রাজনৈতিক দল ও শক্তিগুলোর সঙ্গে আলোচনা করবে এবং এই মর্মে পদক্ষেপ সুপারিশ করবে এই কমিশন।

**২য় দফায় গঠিত ৫ সংস্কার কমিশন (১৮ নভেম্বর, ২০২৪):**

| সংস্কার | প্রধান |
|---|---|
| **স্বাস্থ্য** | জাতীয় অধ্যাপক এ কে আজাদ খান |
| **গণমাধ্যম** | জেষ্ঠ সাংবাদিক কামাল আহমেদ |
| **শ্রমিক অধিকার** | সৈয়দ সুলতান উদ্দিন আহমেদ |
| **নারী বিষয়ক** | শিরীন পারভীন হক |
| **স্থানীয় সরকার** | তোফায়েল আহমেদ |

| বিষয় | তথ্যপ্রবাহ |
|---|---|
| **ফ্যাসিবাদ [ইতালিয় শব্দ** fascismo **উৎপত্তি** fascio **থেকে।** fascio **শব্দটির উৎপত্তি ল্যাটিন শব্দ** fasces **থেকে)** | **ল্যাটিন শব্দ 'fasces'র অর্থ:** লাঠি, কাঠ বা রডের আটি, যেটি একত্রে বেধে রাখা হয়। ইউরোপের প্রথম ফ্যাসিস্ট নেতা ছিলেন ইটালির বেনিতো মুসোলিনি। জার্মানিতে হিটলারের নেতৃত্বে 'নাৎসিজম' বা 'নাৎসিবাদ' এর উথান হয়। এটি 'ফ্যাসিজম' এর একটি রূপ। 'ফ্যাসিবাদ' উথানের মধ্য দিয়ে ইউরোপে হিটলার ও মুসোলিনির মতো বিতর্কিত নেতার উদ্ভব হয়। |
| **জুলাই গণ-অভ্যুত্থান স্মৃতি জাদুঘর** | বর্তমান অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সভাপতিত্বে উপদেষ্টা পরিষদের পঞ্চম বৈঠকে প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনকে 'জুলাই গণ-অভ্যুত্থান স্মৃতি জাদুঘর' করার সিদ্ধান্ত নেয় ৫ সেপ্টেম্বর, ২০২৪। |

| | |
|---|---|
| **জুলাই শহীদ স্মৃতি ভবন** | ঢাকা বিশ্ববিদ্যালয়ের জাতির জনক বঙ্গবন্ধু হলের ১০০০ শিক্ষার্থীর জন্য নবনির্মিত ১১তলা ভবনের নাম 'জুলাই শহীদ স্মৃতি ভবন' নামকরণ করা হয়। |
| **উন্নত মম শির** | ইতিহাসের অম্লান তরুণ আবু সাঈদকে নিয়ে অনবদ্য চিত্রকলা অঙ্কন করেন শিল্পী শহীদ কবির (এচিং মাধ্যমে)। |
| Generation Z (Gen-Z) | সময়কাল: ১৯৯৭ ২০১২ [mid-to-late 1990s and early 2010s] |
| **শহীদ আবু সাঈদ দিবস** | প্রতিবছর ১৬ জুলাই শহীদ আবু সাঈদ দিবস পালন করবে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়। |
| **জুলাই: মাতৃভূমি অথবা মৃত্যু** | বইটির লেখক: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া। |
| **জুলাই ওয়ারিয়র্স** | জুলাই অভ্যুত্থানে আহতদের সংগঠন। |
| **জুলাই ২৪ শহীদ পরিবার সোসাইটি** | জুলাই গণঅভ্যুত্থানের শহীদ পরিবারের সদস্যদের সংগঠন। |
| **শহীদ মীর মুগ্ধ তোরণ** | খুলনা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থী মীর মাহফুজুর রহমান মুগ্ধের স্মৃতি রক্ষার্থে নির্মিত। |
| julyuprising.com | জুলাই গণ অভ্যুত্থানের ঘটনাপ্রবাহ-সংক্রান্ত ওয়েবসাইট চালু করে তথ্য অধিদপ্তরে (পিআইডি)। |
| **যুক্তরাষ্ট্রের সম্মানজনক 'মেডেলিন অলব্রাইট অনারারি গ্রুপ অ্যাওয়ার্ড' [যুক্তরাষ্ট্রের প্রথম নারী পররাষ্ট্রমন্ত্রী মেডেলিন অলব্রাইটের নামে]** | লাভ করে: জুলাই গণ-অভ্যুত্থানে অংশ নেওয়া নারী শিক্ষার্থীরা।<br>(ফিলিস্তিনের স্বাধীনতা সংগ্রামের প্রতি সংহতি ও সম্মান জানিয়ে এ পুরস্কার প্রত্যাখ্যান করেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের মুখপাত্র ও অন্যতম সংগঠক উমামা ফাতেমা। তার সাহসী ভূমিকার জন্য তাকে বিশেষ সম্মাননা দেয় ঢাকায় নিযুক্ত ফিলিস্তিনের রাষ্ট্রদূত ইউসুফ রমজান।]<br>প্রদান করে: মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয় (বিশেষ সাহসিকতার জন্য দলগতভাবে নারীদের মনোনীত করে)। প্রথম পুরস্কার লাভ করে ইরানের মাসা আমিনির মৃত্যুর পর বিক্ষোভকারী ইরানি নারীরা। |
| **পূর্ণাঙ্গ স্মৃতিস্তম্ভ: অদম্য ২৪** | জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে। |
| **বর্ষসেরা দেশ** | ২০২৪ সালের বর্ষসেরা দেশ বাংলাদেশ; দ্বিতীয় সিরিয়া (ব্রিটিশ সাময়িকী দ্য ইকোনমিস্ট)। |
| **জুলাই শহীদ** | চব্বিশের গণঅভ্যুত্থান/জুলাই বিপ্লবের ৮৩৪ জন শহীদগণ 'জুলাই শহীদ' নামে অভিহিত হন। |
| **জুলাই যোদ্ধা** | চব্বিশের গণঅভ্যুত্থান/জুলাই বিপ্লবের ১৪০১ জন আহতগণ 'জুলাই যোদ্ধা' নামে অভিহিত হন। |
| **জুলাই গণঅভ্যুত্থানে শহীদ ৮৩৪ জন** | ১৫ জানুয়ারি, ২০২৫ 'জুলাই গণ-অভ্যুত্থান ২০২৪'-এ শহীদদের তালিকা গেজেট আকারে প্রকাশ করেছে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়। গণ-অভ্যুত্থানে শহীদের সংখ্যা ৮৩৪। |
| **জুলাই স্মৃতি উদ্যান** | পাঁচলাইশ, চট্টগ্রাম (পূর্বনাম: জাতিসংঘ পার্ক)। |
| The Art of Triumph | পরিচয়: জুলাই-আগস্ট আন্দোলনের প্রেক্ষাপটে শিক্ষার্থীদের আঁকা বর্ণিল ও বৈচিত্র্যময় গ্রাফিতি। ড. মুহাম্মদ ইউনূস The Art of Triumph উপহার হিসেবে প্রদান করেন: তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন, তৎকালীন কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো এবং প্রাণিবিজ্ঞানী ও নৃতত্ত্ববিদ জেন গুডঅলকে। তরুণ চিত্রশিল্পীদের আঁকা ও লেখায় ঢাকা 'গ্রাফিতি রাজধানী' হিসেবে পরিচিতি পায়। *** গ্রাফিতি শব্দের অর্থ: দেয়াললিপি ও দেয়ালচিত্র। |

| | |
|---|---|
| **ক্লিনটন গ্লোবাল ইনিশিয়েটিভ** | বাংলাদেশের জুলাই বিপ্লবে ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানের গল্প তুলে ধরেন ড. মুহাম্মদ ইউনূস। মঞ্চে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতা ঢাবির শিক্ষার্থী ও প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মাহফুজ আলম, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আয়েশা সিদ্দিকা তিথিকে পরিচয় করিয়ে দেন। জুলাই বিপ্লব চলাকালীন ও এরপরে বাংলাদেশি শিক্ষার্থীদের আঁকা দেয়ালচিত্রের ছবি সংবলিত 'The Art of Triumph' শীর্ষক আর্টবুকটি বিল ক্লিনটনকে উপহার দেন। |
| **জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশন - Freedom, Justice and A New Beginning** | ছাত্র-জনতার অভ্যুত্থানকালীন জুলাই গণহত্যায় শহীদ হওয়া ব্যক্তিদের স্মরণে প্রতিষ্ঠিত সংস্থা (১০ সেপ্টেম্বর, ২০২৪)। উদ্দেশ্য: জুলাই গণহত্যায় শহীদ ও আহতদের পরিবারকে স্বাস্থ্যসেবা, আর্থিক সহায়তা এবং দীর্ঘমেয়াদী সহায়তা। ফাউন্ডেশনটির সভাপতি ড. মুহাম্মদ ইউনূস, প্রধান নির্বাহী কর্মকর্তা মীর মাহবুবুর রহমান (স্নিগ্ধ), সাধারণ সম্পাদক সারজিস আলম (পদ থেকে পদত্যাগ করেন ২২ জানুয়ারি, ২০২৫। |
| **TIME100 Next 2024** | USA'র সাময়িকী টাইম-এর 'লিডারস' ক্যাটাগরিতে অন্তর্ভুক্ত হন তথ্য ও সম্প্রচার উপদেষ্টা নাহিদ ইসলাম। |
| **জুলাই গণঅভ্যুত্থান অধিদপ্তর** | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে প্রতিষ্ঠা লাভ করে ২৩ এপ্রিল, ২৫। উদ্দেশ্য: গণঅভ্যুত্থানে শহীদ পরিবারকে সহায়তা, আহতদের পুনর্বাসন ও গণঅভ্যুত্থানের সার্বিক বিষয় নিয়ে কাজ করা। |
| **'ইকোস অব রেভল্যুশন' চ্যারিটি কনসার্ট** | আয়োজক: 'স্পিরিটস অব জুলাই' ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। স্থান: আর্মি স্টেডিয়াম, ঢাকা। আকর্ষণ: সুফি সংগীতের কিংবদন্তি পাকিস্তানের ওস্তাদ রাহাত ফতেহ আলী খান। |
| **সংযুক্ত আরব আমিরাতের সংহতি** | জুলাই মাসে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের প্রতি সমর্থন ও সংহতি জানিয়ে আরব আমিরাতে বিক্ষোভ করায় আটক হয়েছিলেন ৫৭ বাংলাদেশি। ড. মুহাম্মদ ইউনূসের প্রতি সম্মান জানিয়ে সংযুক্ত আরব আমিরাত সাজাপ্রাপ্ত ৫৭ বাংলাদেশিকে সাধারণ ক্ষমা করে ৩ সেপ্টেম্বর, ২০২৪। |

| তিন শূন্য তত্ত্ব ও সামাজিক ব্যবসার জনক প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস | | |
|---|---|---|
| জন্ম: **২৮ জুন, ১৯৪০** | **জন্মগ্রহণ:** বাথুয়া, হাটহাজারী, চট্টগ্রাম | **প্রবর্তক:** ক্ষুদ্র ঋণ (Microcredit) ও সামাজিক ব্যবসা। |
| প্রতিষ্ঠা: **গ্রামিণ ব্যাংক (১৯৭৬)** | **ক্ষুদ্র ঋণ কার্যক্রম শুরু:** জোবরা, চট্টগ্রাম | **প্রথম ঋণ গ্রহীতা:** সুফিয়া বেগম। |

**ড. মুহাম্মদ ইউনূসের সাফল্যকর্ম:** (এই অনুচ্ছেদটি পড়লে ওনার সম্পর্কে বিগত সকল প্রশ্ন পড়া হয়ে যাবে)

❑ **গ্রামীণ ব্যাংক:** দরিদ্র পরিবারকে (গ্রামের ভূমিহীন ও দরিদ্র জনসাধারণ) জামানতবিহীন ক্ষুদ্র ঋণ দেওয়ার জন্য 'গ্রামীণ ব্যাংক প্রকল্প' রূপে কাজ শুরু করেন ১৯৭৬ সালে। ১৯৮৩ সালে বাংলাদেশ ব্যাংকের অ-তালিকাভুক্ত ব্যাংক হিসেবে গ্রামীণ ব্যাংক প্রতিষ্ঠিত হয়। গ্রামীণ ব্যাংক গ্রামীণ অর্থনীতিতে অর্থায়ন করে। গ্রামীণ ব্যাংক মাইক্রোক্রেডিট সম্মেলনের অন্যতম উদ্যোক্তা। ব্যাংকটি দেশ বিদেশে সুনাম কুড়িয়েছে। সাধারণত ক্ষুদ্রঋণ গ্রহীতার ৯৫% এর বেশি দরিদ্র মহিলারা। গ্রামীণ ব্যাংকের ধারণা বাংলাদেশের বাইরে প্রথম চালু করে মালয়েশিয়া এবং গ্রামীণ ব্যাংকের আদলে ক্ষুদ্র ঋণ চালু করে জাপান। এর সাফল্যের স্বীকৃতি হিসেবে ড. মুহাম্মদ ইউনূস ও গ্রামীণ ব্যাংক যৌথভাবে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন ১০ ডিসেম্বর, ২০০৬ (অসলো, নরওয়ে)। ড. মুহাম্মদ ইউনূস দক্ষিণ এশিয়ায় দ্বিতীয় শান্তিতে নোবেল বিজয়ী।

**Three Zeros 'তিন শূন্য' তত্ত্বের জনক ড. মুহাম্মদ ইউনুস:**

- ড. মুহাম্মদ ইউনূস ২০২৪ সালে ৩৩তম প্যারিস অলিম্পিকে Three Zeros তত্ত্ব প্রদান করেন। Three Zeros হলো
  a) Zero Poverty (শূন্য দারিদ্র্য), b) Zero Unemployment (শূন্য নিট বেকারত্ব) c) Zero Net Carbon Emissions (শূন্য কার্বন নির্গমন)
- থ্রি জিরো বাস্তবায়নের জন্য চারটি প্রপঞ্চ বা নিয়ামক আবশ্যক। এগুলো হচ্ছে-

| | |
|---|---|
| **১. তরুণদের শক্তি এবং সৃজনশীলতাকে কাজে লাগানো** | ৩. ব্যবসাকে সামাজিক ব্যবসায় রূপান্তর |
| **২. প্রযুক্তির শক্তি ব্যবহার** | ৪. সুশাসন নিশ্চিত করা। |

- থ্রি জিরো' তত্ত্ব সামাজিক ও অর্থনৈতিক দৃষ্টিভঙ্গির আড়ালে জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলা করে নতুন বিশ্ব গড়তে সহায়ক ভূমিকা পালন করবে। থ্রি জিরো অর্জনে প্রয়োজন তারুণ্য, প্রযুক্তি, সুশাসন ও সামাজিক ব্যবসা।
- বাংলাদেশ সরকার SDG (Sustainable Development Goals) কার্যক্রমে যুক্ত করবে 'থ্রি জিরো তত্ত্ব'।
- ZERO CLUB: 'পোপ ফ্রান্সিস-ইউনূস থ্রি-জিরো ক্লাব' নামে পরিচিত। উদ্বোধন ১৫ নভেম্বর, ২০২৪ (রোম)। উদ্দেশ্য: মানবতার জন্য রূপান্তরমূলক ও অন্তর্ভুক্তিমূলক ভবিষ্যৎ গড়া। বিশ্বব্যাপী 3 ZERO CLUB রয়েছে: অন্তত ৪,৬০০টি।

**ক্রীড়াক্ষেত্রে (অলিম্পিক গেমস) ড. ইউনূস:** ২০১৬ সালে ৩১তম রিও অলিম্পিকে মশাল বহন, ২০২০ সালে ৩২তম টোকিও অলিম্পিকে লরেন্স অ্যাওয়ার্ড লাভ এবং ২০২৪ সালে ৩৩তম প্যারিস অলিম্পিকে Three Zero তত্ত্ব প্রদান।

*** অলিম্পিক কমিটি ৩২তম অলিম্পিক, ২০২০ এর লরেন্স অ্যাওয়ার্ড প্রদান করে ২৩ জুলাই, ২০২১ (করোনার কারণে)।

**✧ পুরস্কার**

| | | |
|---|---|---|
| **র‍্যামন ম্যাগসেসে পুরস্কার (১৯৮৪)** | স্বাধীনতা দিবস পুরস্কার (১৯৮৭) | বিশ্ব খাদ্য পুরস্কার (১৯৯৪) |
| **ইন্দিরা গান্ধী পুরস্কার (১৯৯৮)** | গান্ধী শান্তি পুরস্কার (২০০০) | ভলভো পরিবেশ পুরস্কার (২০০৩) |
| **নোবেল শান্তি পুরস্কার (২০০৬)** | প্রেসিডেন্সিয়াল মেডেল অব ফ্রিডম (২০০৯) | কংগ্রেসনাল গোল্ড মেডেল (২০১০) |
| **অলিম্পিক লরেল (২০২০)** | ট্রি অব পিস পুরস্কার (২০২৪) | -------------------- |

গ্রন্থসমূহ: Three farmers of Jobra, Banker to the poor, Creating a world without poverty, Building Social Business, A World of Three Zeros, Super Happiness, Muhammad (pbuh) An Exemplar of Love, Humility, Compassion.

**আত্মজীবনীমূলক গ্রন্থ:** দারিদ্রহীন বিশ্বের অভিমুখে।

| উপাধি | উপাধি দেয় |
|---|---|
| **Revolutionary Economist, বর্ষসেরা ১০ ব্যক্তির তালিকায় অন্তর্ভুক্ত, নেশনস বিল্ডার বা জাতির কারিগর** | যুক্তরাজ্যভিত্তিক বিজ্ঞানবিষয়ক সাময়িকী 'নেচার ম্যাগাজিন |
| **বিশ্বের সবচেয়ে প্রভাবশালী ১০০ ব্যক্তির তালিকায় অন্তর্ভুক্ত (লিডারস ক্যাটাগরিতে ষষ্ঠ অবস্থানে)** | মার্কিন সাময়িকী টাইম |
| **টাইম ম্যাগাজিনে প্রধান উপদেষ্টাকে নিয়ে মুখবন্ধ লিখেন যুক্তরাষ্ট্রের সাবেক নারী পররাষ্ট্রমন্ত্রী হিলারি ক্লিনটন।** | |

## একনজরে সাম্প্রতিকে বাংলাদেশ বিষয়াবলি

- ✓ জাতীয় যুব দিবস (১ নভেম্বর) ও আন্তর্জাতিক যুব দিবস (১২ আগস্ট) প্রতি বছর ১২ আগস্ট একসঙ্গে পালিত হবে।
- ✓ করোনার নতুন দুটো সাব-ভ্যারিয়েন্ট এক্সএফজি ও এক্সএফসি (ওমিক্রন জেএন.১-এর একটি উপশাখা)। সবচেয়ে বেশি মানুষ আক্রান্ত হচ্ছেন এক্সএফজিতে। এই ভ্যারিয়েন্টের সংক্রমণ ক্ষমতা বেশি।
- ✓ বিশ্বব্যাপী দারিদ্র্য বিমোচন ও শান্তি প্রতিষ্ঠায় অবদান রাখায় প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসকে সম্মানসূচক ডি-লিট (ডক্টর অব লিটারেচার) ডিগ্রি দেয় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (পঞ্চম সমাবর্তন, ১৪ মে ২০২৫)।
- ✓ বাংলাদেশের পাসপোর্টে "THIS PASSPORT IS VALID FOR ALL COUNTRIES OF THE WORLD EXCEPT ISRAEL" পুনর্বহালের সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ সরকার। পাসপোর্টে পুলিশ ভেরিফিকেশন বাতিল ১৮ ফেব্রুয়ারি, ২৫ থেকে।
- ✓ ঢাকায় নারীদের নিরাপত্তার জন্য HELP নামে মোবাইল অ্যাপ চালু হয় (১৫ মার্চ,২০২৫)। HELP এর পূর্ণরূপ (Harassment Elimination Literacy Program)। ক্ষুদ্র-নৃগোষ্ঠীর জনসমাজ থেকে প্রথম নারী জেলা প্রশাসক: শ্রাবন্তী রায় (জামালপুর)।
- ✓ 'সাইবার সুরক্ষা অধ্যাদেশ, ২০২৫' জারি করা হয়: ২১ মে, ২০২৫।
- ✓ ২০২৫ সালে ইংলিশ চ্যানেল পাড়ি দিবেন ২ বাংলাদেশি (মাহফিজুর রহমান সাগর ও নাজমুল হক হিমেল)।
- ✓ Permanent Court of Arbitration (PCA)'র সদস্য নির্বাচিত হয়েছেন বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী। PCA আন্তর্জাতিক সালিশে প্রশাসনিক সহায়তা প্রদান করে সংস্থাটি।
- ✓ চীনে চিকিৎসা গ্রহণে ইচ্ছুক বাংলাদেশিদের জন্য গ্রিণ চ্যানেল ভিসা চালু করেছে চীন।
- ✓ এশিয়ার প্রথম দেশ হিসেবে আন্তর্জাতিক পানি চুক্তিতে স্বাক্ষর করে: বাংলাদেশ।
- ✓ ঢাকা ৭ কলেজ নিয়ে নতুন বিশ্ববিদ্যালয় 'ঢাকা সেন্ট্রাল বিশ্ববিদ্যালয়' নাম চূড়ান্ত করা হয়।
- ✓ রোহিঙ্গাদের সহায়তায় বাংলাদেশকে ৬৮ মিলিয়ন ইউরো দেয় ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)।
- ✓ কানাডার অন্টারিও প্রাদেশিক নির্বাচনে তৃতীয় বারের মতো সংসদ সদস্য নির্বাচিত হয়েছেন বাংলাদেশি বংশোদ্ভূত ডলি বেগম (মৌলভীবাজারের সন্তান)। দলের নাম নিউ ডেমোক্রেটিক পার্টি-এনডিপি।
- ✓ এমবিবিএস অথবা বিডিএস ডিগ্রিপ্রাপ্ত ছাড়া অন্য কেউ তাঁদের নামের আগে ডাক্তার পদবি ব্যবহার করতে পারবেন না বলে রায় দেয় হাইকোর্ট (১২ মার্চ, ২০২৫)।
- ✓ দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে ও সন্ত্রাসীদের আইনের আওতায় আনতে যৌথ বাহিনীর সমন্বয়ে 'অপারেশন ডেভিল হান্ট' কার্যকর হয় ৮ ফেব্রুয়ারি, ২০২৫ থেকে।
- ✓ কুমিল্লার ময়নামতি ওয়্যার সিমেট্রি (যুদ্ধসমাধি) থেকে দ্বিতীয় বিশ্বযুদ্ধে নিহত ২৪ সৈনিকের দেহাবশেষ নিয়ে যায় জাপান।
- ✓ বাংলাদেশেসহ সারা বিশ্বে সহযোগিতা কার্যক্রম স্থগিত করেছে: যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা USAID।
- ✓ দক্ষিণ পূর্ব এশিয়ার দ্বীপরাষ্ট্র পূর্ব তিমুরের প্রেসিডেন্ট রামোস হোর্তা বাংলাদেশ সফর করেন ১৪ ১৭ ডিসেম্বর, ২০২৪। বাংলাদেশের ঐতিহাসিক বিজয় উপলক্ষে ৫৪তম বিজয় দিবসের অনুষ্ঠানে যোগ দেন। ২ দেশের মধ্যে ২টি সমঝোতা সই হয়।
- ✓ ওশেনিয়া মহাদেশের পলিনেশিয়া অঞ্চলের দ্বীপ দেশ নিউজিল্যান্ডে বাংলাদেশ হাইকমিশন স্থাপন করবে বাংলাদেশ সরকার।
- ✓ অমর একুশে বইমেলা ২০২৫ এর প্রতিপাদ্য: 'জুলাই গণঅভ্যুত্থান: নতুন বাংলাদেশ বিনির্মাণ'।

- ✓ **যুদ্ধশিশু:** মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানি সামরিক বাহিনী ও তাদের দোসরদের হাতে নির্যাতিত বীরাঙ্গনার সন্তান। সিরাজগঞ্জের তাড়াশের মেরিনা খাতুনকে 'যুদ্ধশিশু' হিসেবে রাষ্ট্রীয়ভাবে স্বীকৃতি দেয় জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল (জামুকা)।
- ✓ বাংলাদেশ সরকার ২০৩০ সালের মধ্যে বাংলাদেশ থেকে ম্যালেরিয়া নির্মূলের লক্ষ্য নির্ধারণ করেছে।
- ✓ বাংলাদেশের ভাস্কর্য 'ওরে বিহঙ্গ মোর' স্থাপিত হয় জাপানের নাগাসাকি পিস পার্কে (নকশাকার: স্থপতি অনিন্দ্য পন্ডিত)।
- ✓ বাংলাদেশের বর্ষপণ্য: ২০২৫ সাল আসবাবপত্র, ২০২৪ সাল হস্তশিল্পজাত পণ্য।
- ✓ তরুণ ও প্রান্তিক জনগোষ্ঠীকে উদ্যোক্তা হিসেবে গড়ে তুলতে 'ক্ষুদ্রঋণ ব্যাংক' স্থাপনের গুরুত্বারোপ করেন ড. মুহাম্মদ ইউনূস। সামাজিক ব্যবসাকে ছড়িয়ে দিতে ব্যাংকটি চলবে বিশ্বাস ও আস্থার ওপর ভিত্তি করে, ঋণ নিতে জামানত লাগবে না।

**কৃষিজ পণ্য উৎপাদনে বিশ্বের শীর্ষ আমদানি ও রপ্তানিকারক দেশ এবং বাংলাদেশের অবস্থান**

| ফসল | উৎপাদন | | আমদানি | | রপ্তানি | |
|---|---|---|---|---|---|---|
| | শীর্ষ | বাংলাদেশ | শীর্ষ | বাংলাদেশ | শীর্ষ | বাংলাদেশ |
| **খাদ্য** | ---- | ----- | চীন | ৩৭ | যুক্তরাষ্ট্র | ৭৬ |
| **গম** | চীন | ৫১ | চীন | ১৪ | অস্ট্রেলিয়া | ----- |
| **ধান** | চীন | ৩ | চীন | ----- | ভারত | ----- |
| **চিনি** | ব্রাজিল | ৩৯ | চীন | ----- | ব্রাজিল | ----- |
| **ভুট্টা** | যুক্তরাষ্ট্র | ২৭ | চীন | ২৩ | যুক্তরাষ্ট্র | ৫২ |
| **চাল** | ভারত | ----- | চীন | ১৫ | ভারত | ৪৯ |

- হেকিম ধান: জাতটির ফলন আমন মৌসুমের অন্যান্য জাতের চেয়ে দ্বিগুণ। কালিজিরা ও মুক্তা ইরি ধানের মধ্যে ক্রস করে নতুন এ জাতের উদ্ভাবন করেন ময়মনসিংহের তারাকান্দা উপজেলার কৃষক আবদুল হেকিম।
- বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) কর্তৃক উদ্ভাবিত সর্বশেষ ধান: বিনা-২৬।
  - ✓ উচ্চ ফলনশীল রোপা আমন ধান।
- পঞ্চব্রীহি: বিজ্ঞানী ড. আবেদ চৌধুরী কর্তৃক আবিষ্কৃত বিভিন্ন মৌসুমে একগাছ হতে পাঁচ প্রকারের ধান চাষের পদ্ধতি।
- লক্ষ্মীদিঘা ধান: পানিতে ডোবে না; পানির সঙ্গে পাল্লা দিয়ে বাড়ে। উদ্ভাবক: হাসান জামান (বঁওগা )।
- তৃতীয় চা নিলাম কেন্দ্র অবস্থিত: পঞ্চগড় জেলায় (প্রথম: চট্টগ্রাম-১৯৪৯ সালে; দ্বিতীয়: শ্রীমঙ্গল, মৌলভীবাজার)।
- আলো ধান, লোকজ ধান, আরুণি ধান, গঙ্গা ধান, মৈত্রী ধান ও লক্ষ্মীভোগ ধানের আবিষ্কারক: আরুণি সরকার।
- বর্তমানে দেশে কৃষি বিশ্ববিদ্যালয় সংখ্যা: ৭টি (সপ্তম: কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়)। বৃহত্তম কৃষি জাদুঘর: নওঁগা।

# মধ্যপ্রাচ্যে অস্থিরতা: ইসরায়েল ইরান যুদ্ধ ২০২৫

**'অপারেশন রাইজিং লায়ন'**

- জাতিসংঘের আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থা International Atomic Energy Agency (IAEA) ১১ জুন, ২০২৫ অভিযোগ করে, ইরান পারমাণবিক কর্মকাণ্ড পরিচালনায় বৈশ্বিক বাধ্যবাধকতা মানছে না। এই অভিযোগের পর ইসরায়েল ইরানের বিরুদ্ধে বৈশ্বিক পদক্ষেপের আহবান জানিয়ে ১৩ জুন, ২০২৫ ইরানের মধ্যাঞ্চল ইস্পাহান প্রদেশে অবস্থিত প্রধান ইউরেনিয়াম সমৃদ্ধকরণ কেন্দ্র নাতাঞ্জে সামরিক হামলা চালায়। ইরানের ফোর্ডো ও ইসপাহান পরমাণুকেন্দ্রে হামলা চালায়। ১৪ জুন ইরানের দক্ষিণাঞ্চলের বুশেহর প্রদেশে সাউথ পার্স গ্যাসক্ষেত্রে বোমা হামলা চালায়।
- সামরিক হামলার উদ্দেশ্য: ইরান যাতে পারমাণবিক অস্ত্র তৈরি করতে না পারে, তা নিশ্চিত করা।
- হামলায় ইরানের অভিজাত বাহিনী ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোরের প্রধান মেজর জেনারেল হোসেইন সালামি, সেনাপ্রধান (চিফ অব স্টাফ) মেজর জেনারেল বাকেরি, জ্যেষ্ঠ দুই পরমাণুবিজ্ঞানী ফেরেদুন আব্বাসি (Atomic Energy Organization of Iran-AEOI'র সাবেক প্রধান), মোহাম্মদ মেহদি তেহরানচিসহ ২৯ জন সামরিক কর্মকর্তা ও ৯ পরমাণুবিজ্ঞানী নিহত হন।

**'Operation True Promise 3'**

- পাল্টা আক্রমণ হিসেবে Islamic Revolutionary Guard Corps (IRGC) ইসরায়েলের বিরুদ্ধে 'Operation True Promise 3' বৃহৎ সামরিক প্রতিশোধ শুরু করে ১৩ জুন, ২০২৫ রাত থেকে (তেল আবিব ও জেরুজালেম লক্ষ্য করে)। মূল লক্ষ্য: ইসরায়েলের বিমানঘাঁটি, রাডার ব্যবস্থা এবং ভূগর্ভস্থ সামরিক ঘাঁটি ধ্বংস করা। যুক্তরাষ্ট্রের তৈরি ইসরায়েলের ৩টি এফ-৩৫ যুদ্ধবিমান ভূপাতিত করে। ইরান অপারেশনটি তিন ধাপে বাস্তবায়ন করছে -
  ১. প্রথম ধাপে, বিমানঘাঁটি ও রাডার ব্যবস্থার ধ্বংস।
  ২. দ্বিতীয় ধাপে, হিজবুল্লাহ ও হুতি বিদ্রোহীদের মাধ্যমে সীমান্তে ক্ষেপণাস্ত্র হামলা।
  ৩. তৃতীয় ও চূড়ান্ত ধাপে, ভূগর্ভস্থ ঘাঁটি থেকে হাইপারসনিক মিসাইল হামলা।
- ইসরায়েলে পক্ষে ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র প্রতিরোধে সক্ষম ধ্বংসকারী যুদ্ধজাহাজ USS Thomas Hudner-কে পশ্চিম ভূমধ্যসাগর থেকে পূর্ব ভূমধ্যসাগরের দিকে পাঠায় যুক্তরাষ্ট্র। ইসরায়েলকে ৩০০টি অত্যাধুনিক 'হেলফায়ার' ক্ষেপণাস্ত্র (লেজারনিয়ন্ত্রিত আকাশ থেকে ভূমিতে নিক্ষেপণযোগ্য ক্ষেপণাস্ত্র) সরবরাহ করে যুক্তরাষ্ট্র।
- মার্কিন আইনসভা কংগ্রেসের অনুমতি ছাড়া ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্র যেন কোনো সামরিক অভিযান চালাতে না পারে সেইজন্য বিল আনার ঘোষণা দেন ডেমোক্র্যাট দলীয় মার্কিন সিনেটর বার্নি স্যান্ডার্স।

**চলমান ইসরায়েল-ফিলিস্তিন সংকটের আদ্যোপান্ত**

| | |
|---|---|
| **আল-আকসা ফ্লাড** | ৭ অক্টোবর, ২০২৩ দক্ষিণ ইসরায়েলের কিস্তুতজ রে'ইম অঞ্চলের নেগেভ মরুভূমিতে চলমান সঙ্গীত উৎসব 'সুপারনোভা ফেস্টিভালে 'অপারেশন আল-আকসা ফ্লাড' নামে হামলা করে হামাস। |
| **আয়রন সোর্ডস** | ৮ অক্টোবর, ২০২৩ হামাসের হামলার প্রেক্ষাপটে অপারেশন আয়রন সোর্ডস নামে পাল্টা হামলা করে যুদ্ধ ঘোষণা করে ইসরায়েল। |

| | |
|---|---|
| **আইরন ওয়াল** | ১৯ জানুয়ারি, ২৫ গাজায় যুদ্ধবিরতি শুরু হওয়ার ২ দিন পর ২১ জানুয়ারি, ২৫ দখলকৃত পশ্চিম তীরের জেনিন শরণার্থীশিবিরে 'অপারেশন আয়রন ওয়াল' নামক অভিযান শুরু করে ইসরায়েলি বাহিনী। |
| **অপারেশন গিডিয়নস ওয়াগনস** | ইসরায়েলের বাকি জিম্মিদের মুক্তির জন্য হামাসকে চাপ দিতে গাজায় বড় সামরিক অভিযান শুরু করে ১৭ মে, ২০২৫। |
| **যুদ্ধবিরতি ভঙ্গ** | ইসরায়েল যুদ্ধবিরতি ভেঙ্গে গাজায় ভয়াবহ হামলা চালায় ১৮ মার্চ, ২০২৫। হামাস নিয়ন্ত্রিত গাজার 'ডি-ফ্যাক্টো প্রধানমন্ত্রী' ইসাম দা'আলসি ইসরায়েলের এই বোমা হামলায় নিহত হন। |
| **জরুরি আরব সম্মেলন** | মিসরের কায়রোতে জরুরি আরব সম্মেলনে গাজা উপত্যকার পুনর্গঠনে ৫৩ বিলিয়ন ডলারের পরিকল্পনা অনুমোদন করে ৪ মার্চ, ২০২৫। গাজা পুনর্গঠনে আরব লীগের বিকল্প প্রস্তাব সমর্থন করে OIC. |
| **ফ্লোরিন** | ৩৬৭ বর্গ কি মি এলাকার গাজা উপত্যকাকে ফ্লোরিন বোমায় ধ্বংস করে দেয় ইসরায়েল। |
| **Global Strike For Gaza "No Work, No School"** | গাজায় চলমান ধ্বংসযজ্ঞ ও প্রাণহানির প্রতিবাদে ৭ এপ্রিল, ২০২৫ বৈশ্বিক ধর্মঘটের ডাক দেয় যুক্তরাষ্ট্রভিত্তিক ২ সংগঠন নিউইয়র্ক হেলথকেয়ার ওয়ার্কার্স ফর প্যালেস্টাইন এবং ডক্টর্স অ্যাগেইনস্ট জেনোসাইড। স্থান: জাতিসংঘের প্রধান কার্যালয়, নিউইয়র্ক। সব শিক্ষাপ্রতিষ্ঠান ও কর্মস্থল বন্ধ থাকে। |
| **মোরাগ অ্যাক্সিস (কৃষিজমির সমন্বয়ে গঠিত)** | গাজা উপত্যকার দক্ষিণাংশে খান ইউনিস ও রাফাহর মধ্যবর্তী এলাকা। পূর্ব-পশ্চিম গাজাকে দ্বিখণ্ডিত করতে ইসরায়েলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু সামরিক পরিকল্পনা 'মোরাগ অ্যাক্সিস' ঘোষণা করে ২ এপ্রিল, ২০২৫। পূর্বে 'মানবিক অঞ্চল' হিসেবে চিহ্নিত মোরাগ অ্যাক্সিস বাস্তুচ্যুত ফিলিস্তিনিদের আশ্রয়স্থল হিসেবে ঘোষণা করেছিলো ইসরায়েল। ১৯৭২ সালে মোরাগ এক্সিসে ইহুদি বসতি ছিলো। |

**জাতিসংঘে ফিলিস্তিন:** ফিলিস্তিন বর্তমানে জাতিসংঘের পর্যবেক্ষক সদস্য (জাতিসংঘের সাধারণ পরিষদে আমন্ত্রণ পায় কিন্তু কোনো ভোট প্রয়োগ করতে পারে না)। ২০১২ সালে ফিলিস্তিন জাতিসংঘের সাধারণ পরিষদে কার্যত রাষ্ট্র হিসেবে স্বীকৃতি পেয়েছে। বর্তমানে জাতিসংঘের সাধারণ পরিষদের ১৯৩টি সদস্যের মধ্যে ১৪৬টি রাষ্ট্র ও পর্যবেক্ষক রাষ্ট্র ভ্যাটিকান সিটি ফিলিস্তিনকে সার্বভৌম রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দিয়েছে। বর্তমানে জাতিসংঘে ফিলিস্তিনি রাষ্ট্রদূত রিয়াদ মানসুর।

## কাশ্মীর সংকট ও ভারত-পাকিস্তান যুদ্ধ ২০২৫

### ভারত-পাকিস্তান যুদ্ধ ২০২৫

- **ভারত পাকিস্তানে হামলা করে:** ০৭ মে, ২০২৫ ("অপারেশন সিঁদুর" নামে)। সিঁদুর: হিন্দু বিবাহিত নারীদের বিয়ের প্রতীক।
- **অপারেশন বুনইয়ানুম মারসুস:** ভারতের আক্রমণের বিরুদ্ধে পাকিস্তান পাল্টা হামলা করে (১০ মে, ২০২৫)।
- বুনইয়ানুম মারসুস (আরবি শব্দ) অর্থ: সুদৃঢ়, সুসংগঠিত ও অভেদ্য প্রাচীর।
- **যুদ্ধবিরতি:** যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের মধ্যস্থতায় ভারত ও পাকিস্তানের মধ্যে যুদ্ধবিরতি হয় ১০ মে, ২০২৫।
- পাকিস্তান ৫টি (৩টি ফ্রান্সের দাসো অ্যাভিয়েশনের তৈরি রাফাল, ১টি রাশিয়ান সু-৩০ ও মিগ-২৯) ভারতীয় যুদ্ধবিমান ভূপাতিত করে।

- ❖ পাকিস্তান চীনের তৈরি 'জে-১০ সিই যুদ্ধবিমান' ও 'ওয়াইজে অ্যান্টি-শিপ মিসাইল' ব্যবহার করে।
- ❖ **বৈশ্বিক সমর্থন:** ভারতের পক্ষে (ইসরায়েল ও যুক্তরাষ্ট্র-কৌশলগতভাবে), পাকিস্তানের পক্ষে (চীন-প্রক্সি যুদ্ধ, তুরস্ক)।

### যুদ্ধের প্রেক্ষাপট

- ❖ দ্য রেজিস্ট্যান্স ফ্রন্ট (টিআরএফ) ভারতনিয়ন্ত্রিত কাশ্মীরের পেহেলগামের বৈসারন উপত্যকায় পর্যটকদের ওপর হামলা করে: ২২ এপ্রিল, ২০২৫ [হামলায় ২৬ জন নিহত হয় (১ জন নেপালের নাগরিক, ২৫ জন ভারতীয়)]। ভারত পাকিস্তানকে দায়ী করে।
  - ➢ দ্য রেজিস্ট্যান্স ফ্রন্ট 'কাশ্মীর রেজিস্ট্যান্স' নামেও পরিচিত। কাশ্মীরকে 'পৃথিবীর ভূ-স্বর্গ' বলা হয়।
  - ➢ হিমালয়ের কোলে অবস্থিত মনোরম শহর পেহেলগাম 'ভারতের সুইজারল্যান্ড' হিসেবে পরিচিত।
- ❖ পেহেলগাম শব্দের অর্থ পশুপালকদের জনপদ (কাশ্মীরি ভাষায় পশুপালকদের বলা হয় পেহেল; গাম মানে গ্রাম বা বসতি)।

## সাবেক ৪৫তম ও বর্তমান ৪৭তম মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প

### ট্রাম্পের শুল্ক: বিশ্ব বাণিজ্যে 'শতবর্ষে সবচেয়ে বড় পরিবর্তন'

**বাণিজ্য শুল্ক নীতি (Reciprocal Tariffs):** যুক্তরাষ্ট্র ১৮৫টি দেশের ওপর শুল্ক আরোপ করে ২ এপ্রিল, ২০২৫; ট্রাম্প দিনটিকে যুক্তরাষ্ট্রের 'অর্থনৈতিক স্বাধীনতা দিবস' এবং নতুন শুল্ক আরোপকে যুক্তরাষ্ট্রের অর্থনৈতিক স্বাধীনতা ও আমেরিকান শিল্পের 'পুনর্জন্ম' বলেন। বাণিজ্য শুল্ক কার্যকর হয় ৪ এপ্রিল, ২০২৫। মূল লক্ষ্য যুক্তরাষ্ট্রের বাণিজ্য ঘাটতিকে শূন্যে ফিরিয়ে আনা। বাংলাদেশি পণ্যের ওপর ৩৭% শুল্ক আরোপ করা হয়; পূর্বে ১৫% ছিলো। কিন্তু ১ এপ্রিল, ২০২৫ যুক্তরাষ্ট্র চীন বাদে অন্যান্য দেশের ওপর পারস্পরিক শুল্ক আরোপ ৯০ দিনের জন্য স্থগিত করে। ট্রাম্প প্রশাসন যুক্তরাষ্ট্রে আমদানি করা প্রায় সব চীনা পণ্যের ওপর ১৪৫% শুল্ক কার্যকর করে ১০ এপ্রিল, ২০২৫; পাল্টা প্রতিক্রিয়া হিসেবে চীন ১১ এপ্রিল, ২০২৫ মার্কিন পণ্যের ওপর শুল্ক ৮৪% থেকে বাড়িয়ে ১২৫% করে। পরবর্তীতে ১৪ মে, ২০২৫ থেকে সমঝোতার মাধ্যমে পববর্তী ৯০ দিনের জন্য যুক্তরাষ্ট্র চীনা পণ্যের ওপর আরোপিত ১৪৫% থেকে শুল্ক কমিয়ে ৩০% এবং চীন যুক্তরাষ্ট্রের পণ্যের ওপর আরোপিত ১২৫% থেকে শুল্ক কমিয়ে ১০% কার্যকর করে।

- ➢ **শুল্কযুদ্ধের প্রথম সাফল্য যুক্তরাষ্ট্র-যুক্তরাজ্য নতুন বাণিজ্য চুক্তি:** আমদানি পণ্যে কঠোর শুল্ক আরোপের পর যুক্তরাষ্ট্রের সঙ্গে প্রথম দেশ হিসেবে যুক্তরাজ্য নতুন বাণিজ্য চুক্তি করে ০৮ মে, ২০২৫।

**শপথ গ্রহণ করার পর ট্রাম্পের উল্লেখযোগ্য নির্বাহী আদেশসমূহ:**

জন্মসূত্রে মার্কিন নাগরিকত্ব বাতিল, দ্বিতীয়বারের মতো যুক্তরাষ্ট্র বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও প্যারিস জলবায়ু চুক্তি থেকে নাম প্রত্যাহার (২৭ জানুয়ারি, ২০২৬ আনুষ্ঠানিকভাবে বের হয়ে যাবে), মার্কিন বিদেশি সাহায্য কর্মসূচি USAID'র কার্যক্রম স্থগিত, ১৯৬৩ সালে প্রেসিডেন্ট জন এফ কেনেডির হত্যাকাণ্ড ও ১৯৬৮ সালে সিনেটর রবার্ট কেনেডি ও নাগরিক অধিকার নেতা মার্টিন লুথার কিং জুনিয়রের হত্যাকাণ্ড- সম্পর্কিত গোপন নথি প্রকাশের সিদ্ধান্ত, অবৈধ অভিবাসীদের আশ্রয় চাওয়ার আবেদন স্থগিত, ইয়েমেনের সশস্ত্র গোষ্ঠী হুতিকে বিদেশি সন্ত্রাসী সংগঠন হিসেবে ঘোষণা। (বিশ্বের দীর্ঘতম স্থলসীমান্ত যুক্তরাষ্ট্র-কানাডা।]

- ➢ USAID = United States Agency for International Development (১৯৬১ সালে ৩৫তম মার্কিন প্রেসিডেন্ট জন এফ কেনেডি এই বৈদেশিক সহায়তা প্রোগ্রামটি চালু করেন)। প্রধান কার্যালয়: রোনাল্ড রিগ্যান ভবন, ওয়াশিংটন, যুক্তরাষ্ট্র। সংস্থাটিকে ইলন মাস্কের পরামর্শে 'অপরাধী সংস্থা' হিসেবে অবহিত করেন ডোনাল্ড ট্রাম্প।
- ➢ জাতিসংঘের মানবাধিকার পরিষদ [Office of the United Nations High Commissioner for Human Rights (OHCHR)] থেকে যুক্তরাষ্ট্রকে বের করে নেওয়ার ঘোষণা দেন ট্রাম্প।
- ➢ আন্তর্জাতিক অপরাধ আদালতের উপর নিষেধাজ্ঞা সংক্রান্ত নির্বাহী আদেশ জারী করেন (৬ ফেব্রুয়ারি, ২০২৫)।

## Human metapneumovirus (HMPV or hMPV) হিউম্যান মেটানিউমোভাইরাস (এইচএমপিভি

❖ **hMPV'র প্রধান গ্রুপ ২টি:** এ এবং বি (মানুষের মধ্যে সক্রিয়ভাবে সংক্রমণ ঘটায়; ভাইরাল শ্বাসযন্ত্রজনিত ভাইরাস)।

❖ **প্রথম শনাক্ত করেন:** ডাচ্ গবেষক বার্নাডেট জি ভ্যান ডেন হুগেন এবং তাঁর দল (২০০১ সালে); নেদারল্যান্ডসে।

→ বাংলাদেশে প্রথম শনাক্ত হয়: ২০১৭ সালে।

❖ সম্প্রতি উত্তর চীনে, বিশেষ করে ছোট শিশুদের (১৪ বছরের কম) মধ্যে এইচএমপিভির প্রাদুর্ভাব বৃদ্ধি পেয়েছে।

❖ **বাংলাদেশে hMPV'তে আক্রান্ত হয়ে মারা যাওয়া প্রথম রোগী:** সানজিদা আক্তার (১৫ জানুয়ারি, ২০২৫)।

❖ **সাধারণ উপসর্গ:** সর্দিকাশি, জ্বর, মাথাব্যথা, নাসারন্ধ্র বন্ধ, শ্বাসকষ্ট, র‍্যাশ দেখা দেওয়া। ইনকিউবেশন পিরিয়ড: ৩ ৬ দিন।

❖ **hMPV যেভাবে ছড়ায়:** অন্যান্য শ্বাসযন্ত্রের ভাইরাসের মতোই (কাশি এবং হাঁচি থেকে নিঃসরণ, হাত মেলানো বা স্পর্শ, সংক্রমিত স্থান স্পর্শ)। সাধারণ সর্দির মতো hMPV ঊর্ধ্ব ও নিম্ন শ্বাসনালিতে সংক্রমণ সৃষ্টি করে।

❖ **শ্বাসতন্ত্রবাহিত ভাইরাসসমূহ:** ইনফ্লুয়েঞ্জা ভাইরাস, করোনাভাইরাস, এইচএমপিভি ভাইরাস।

## বৈশ্বিক এমপক্স ভাইরাস

এমপক্স (পূর্বনাম: মাংকিপক্স বা বাঁদরবসন্ত- MPXV; সৃষ্ট সংক্রামক রোগ)। গুটি বসন্ত রোগের ভাইরাস গোত্রের। এটি প্রাণিবাহিত (জুনোটিক) রোগ। এ রোগের উপসর্গ ফ্লুর মতো; ত্বকে ক্ষত তৈরি করে। ভাইরাসটি ডিএনএ জাতীয় কিন্তু কোভিড বা ফ্লু ভাইরাসের মত সহজে বা দ্রুতগতিতে এর মিউটেশন বা রূপান্তর ঘটে না। সর্বপ্রথম শনাক্ত হয়: ১৯৫৮ সালে; ডেনমার্কে বানরের শরীরে (শনাক্ত করেন ভন ম্যাগনাস)।

❖ মানুষের মধ্যে প্রথম এমপক্স সংক্রমণ শনাক্ত হয় ১৯৭০ সালে কঙ্গো গণতান্ত্রিক প্রজাতন্ত্রে (DRC)

❖ এমপক্সের প্রধান ধরন ২টি (ক্লেড ১ মৃদু ও ক্লেড ২ প্রাণঘাতী)। নতুন ধরন ক্লেড ১বি (সবচেয়ে বিপজ্জনক)।

❖ WHO এমপক্স'কে বিশ্বজুড়ে জনস্বাস্থ্য জরুরি অবস্থা ঘোষণা করে: ১৪ আগস্ট, ২০২৪।

❖ WHO এমপক্স'র টিকা MVA-B অনুমোদন দেয়: ১৩ সেপ্টেম্বর, ২০২৪ (উৎপাদক-বাভারিয়ান নর্ডিক এ/এস, ডেনমার্ক)।

❖ সবচেয়ে বেশি ছড়ায়: পশ্চিম ও মধ্য আফ্রিকার বিভিন্ন দেশে (বিশেষত গণতান্ত্রিক কঙ্গো প্রজাতন্ত্রে)।

❖ এমপক্স টিকা তৈরি করে: যুক্তরাষ্ট্র, ডেনমার্ক ও চীন।

## জাতীয় বাজেট: ২০২৫-২৬ অর্থবছর

❖ সংবিধানে বাজেটকে বলা হয়: Annual financial statement, বাজেট প্রণয়ন করে: অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

❖ বাংলাদেশের অর্থবছরের সময়কাল: ১লা জুলাই- ৩০শে জুন।

একনজরে ২০২৫-২৬ অর্থবছরের বাজেট

| | | |
|---|---|---|
| **ঘোষণা: ০২ জুন ২০২৫** | সংসদে বাজেট পাশ: ২২ জুন ২০২৫ | কার্যকর: ১লা জুলাই ২০২৫ |
| **দেশের ৫৪ তম বাজেট (অন্তর্বর্তীকালীন সহ ৫৫তম বাজেট)** | বাজেট পেশ করেন: অর্থ উপদেষ্টা সালেহউদ্দিন আহমেদ (১৪তম ব্যক্তি) | প্রতিপাদ্য: বৈষম্যহীন ও টেকসই অর্থনৈতিক ব্যবস্থা গড়ার প্রত্যয় |

❖ **২০২৫-২৬ অর্থবছরের বাজেটের আকার: ৭ লাখ ৯০ হাজার কোটি টাকা (জিডিপির ১২.৭০%)।**

**→ ২০২৪-২৫ অর্থবছরে বাজেটের আকার ছিলো: ৭ লাখ ৯৭ হাজার কোটি টাকা (জিডিপির ১৪.২৪%)।**

❖ **মোট জিডিপি'র আকার: ৬২ লাখ ২০ হাজার টাকা।**

❖ **জিডিপি প্রবৃদ্ধির হারের লক্ষ্যমাত্রা: ৫.৫%। মূল্যস্ফীতির হারের লক্ষ্যমাত্রা: ৬.৫%।**

❖ **বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP): ২ লাখ ৩০ হাজার কোটি টাকা।**

### ২০২৫-২৬ অর্থবছরের বাজেটের ধরন ঘাটতি বাজেট

<table>
<tr><th colspan="4">ব্যয়: ৭ লাখ ৯০ হাজার কোটি টাকা (GDP'র ১২.৭%)</th><th colspan="2">আয়: ৫ লাখ ৬৪ হাজার কোটি টাকা (GDP'র ৯%)</th></tr>
<tr><td>১</td><td>পরিবহন ও যোগাযোগ: ৫৮,৯৭৩ কোটি</td><td rowspan="5">শীষ ৫ খাতেই বরাদ্দ এডিপির ৭০%</td><td rowspan="5">ব্যায়ের সর্বোচ্চ বরাদ্দ এডিপির ৭০%</td><td>১</td><td>NBR সংগৃহীত কর ৪,৯৯,০০০ কোটি টাকা</td></tr>
<tr><td>২</td><td>বিদ্যুৎ ও জ্বালানি: ৩২,৩৯২ কোটি</td><td>২</td><td>NBR বহির্ভূত কর ১৯,০০০ কোটি টাকা</td></tr>
<tr><td>৩</td><td>শিক্ষা ও প্রযুক্তি: ২৮,৫৫৭ কোটি</td><td>৩</td><td>কর ব্যতীত আয় ৪৬,০০০ কোটি টাকা</td></tr>
<tr><td>৪</td><td>গৃহায়ন: ২২,৭৭৬ কোটি</td><td rowspan="2"></td><td rowspan="2"></td></tr>
<tr><td>৫</td><td>স্বাস্থ্য: ১৮,১৪৮ কোটি</td></tr>
<tr><td colspan="6">সুতরাং, ঘাটতি বাজেট (ব্যয় আয়): ২ লাখ ২৬ হাজার কোটি টাকা (GDP'র ৩.৬%)</td></tr>
</table>

❖ জুলাই শহীদ পরিবার ও আহতদের জন্য বরাদ্দ: ৪০৫ কোটি ২০ লাখ টাকা।

❖ ২০২৪-২৫ অর্থবছরের প্রাথমিক বাজেট ঘাটতি ছিল ২ লাখ ৫৬ হাজার কোটি টাকা, যা সংশোধিত বাজেটে কমিয়ে ২ লাখ ২৬ হাজার কোটি টাকা ধরা হয়েছে (জিডিপির ৪.১%)।

❖ সরকারি চাকরিজীবীদের ২০২৫-২৬ অর্থবছর থেকে নতুন হারে মহার্ঘ ভাতা দেওয়া হচ্ছে (কার্যকর: ১ জুলাই থেকে)। ১ম-৯ম গ্রেডের কর্মকর্তা-কর্মচারীরা ১৫% হারে এবং ১০ম-২০তম গ্রেডের কর্মীরা ২০% হারে মহার্ঘ ভাতা পাবেন। মহার্ঘ ভাতা কার্যকরের সঙ্গে সঙ্গে ২০২৩-২৪ অর্থবছর থেকে পাওয়া ৫% বিশেষ প্রণোদনা সুবিধা বাতিল হয়ে যাচ্ছে।

### বাজেটে করমুক্ত আয়সীমা: ২০২৫-২৬ অর্থবছর

| | |
|---|---|
| **সাধারণ সীমা (ব্যক্তি শ্রেণি): ৩ লাখ ৫০ হাজার টাকা** | সাধারণ সীমা (ব্যক্তি শ্রেণি): ৩ লাখ ৫০ হাজার টাকা |
| **প্রতিবন্ধী ব্যক্তি/তৃতীয় লিঙ্গ: ৪ লাখ ৭৫ হাজার টাকা** | প্রতিবন্ধী ব্যক্তি/তৃতীয় লিঙ্গ: ৪ লাখ ৭৫ হাজার টাকা |

❖ নতুন করদাতাদের ন্যূনতম করের পরিমাণ: ১০০০ টাকা।

### বাজেটে করমুক্ত আয়সীমা: ২০২৬-২৭ অর্থবছর ও ২০২৭-২৮ অর্থবছর

| | |
|---|---|
| **সাধারণ সীমা (ব্যক্তি শ্রেণি): ৩ লাখ ৭৫ হাজার টাকা** | নারী/৬৫ উর্ধ্ব: ৪ লাখ ২৫ টাকা |
| **প্রতিবন্ধী ব্যক্তি/তৃতীয় লিঙ্গ: ৫ লাখ টাকা** | যুদ্ধাহত মুক্তিযোদ্ধা/জুলাই যোদ্ধা: ৫ লাখ ২৫ হাজার টাকা |

❖ **সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় (মাসিক হার):**

| | | |
|---|---|---|
| **বয়স্ক ভাতা ৬৫০ টাকা** | বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ৬৫০ টাকা | বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ৬৫০ টাকা |
| **অনগ্রসর জনগোষ্ঠী ৬৫০ টাকা** | মা ও শিশু সহায়তা কর্মসূচি ৮৫০ টাকা | |

২০ জুন, ১৯৯৬ বিচারপতি হাবিবুর রহমানের নেতৃত্বাধীন বাংলাদেশের প্রথম সাংবিধানিক তত্ত্বধায়ক সরকারের ক্ষমতাকালীন সময়ে অর্থ উপদেষ্টা ড. ওয়াহিদউদ্দিন মাহমুদ ১৯৯৬-৯৭ অর্থবছরের (অন্তর্বর্তীকালীন) বাজেট উপস্থাপন করেন। তত্ত্বধায়ক

সরকারের অধীনে ৭ম জাতীয় সংসদ নির্বাচনের মাধ্যমে আওয়ামী লীগ সরকার ক্ষমতা গ্রহণ করে ১৪ জুলাই, ১৯৯৬ সালে। দায়িত্ব নিয়ে মূল আর্থিক কাঠামো ঠিক রেখে ২৮ জুলাই, ১৯৯৬ সালে নতুন করে বাজেট (মূল) উপস্থাপন করেন অর্থমন্ত্রী শাহ এ এম এস কিবরিয়া। সুতরাং....

❖ **১ অর্থবছরে ২ বার বাজেট উপস্থাপন হয়:** ১৯৯৬-৯৭ অর্থবছরে।

❖ **বাংলাদেশে এ পর্যন্ত অন্তবর্তীকালীন বাজেট উপস্থাপিত হয়:** ১টি (১৯৯৬-৯৭ অর্থবছরে)।

[সুতরাং, ২০২৫-২৬ অর্থবছরের বাজেট ৫৪তম এবং অন্তবর্তীকালীন বাজেটসহ ৫৫তম]

## GDP প্রবৃদ্ধির হার, অবদান [অর্থনৈতিক সমীক্ষা ২০২৫]

| ক্ষেত্র | প্রবৃদ্ধির হার | কৃষি | শিল্প | সেবা |
|---|---|---|---|---|
| **প্রবৃদ্ধির হার** | ৩.৯৭% | ১.৭৯% | ৪.৩৪% | ৪.৫১% |
| **অবদান** | ১০০% | ১০.৯৪% | ৩৭.৪৪% | ৫১.৬২% |

**২০০৫-০৬ ভিত্তিবছরে GDP খাত ছিলো: ১৫টি। ২০১৫-১৬ ভিত্তিবছর থেকে GDP খাত: ১৯টি।**

| বিষয় | পরিমাণ | বিষয় | পরিমাণ |
|---|---|---|---|
| **মাথাপিছু আয়** | ২৮২০ মার্কিন ডলার | মাথাপিছু জিডিপি | ২৬৭১ মার্কিন ডলার |

২০২৩-২৪ অর্থবছরে মাথাপিছু আয় ২৭৩৮ মার্কিন ডলার। সূত্র: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

## ৫০ টি দেশের অংশগ্রহণে বাংলাদেশ ইনভেস্টমেন্ট সামিট ২০২৫

❖ **আয়োজক:** Bangladesh Investment Development Authority (BIDA) & Bangladesh Economic Zones Authority (BEZA). BIDA & BEZA'র নির্বাহী চেয়ারম্যান: চৌধুরী আশিক মাহমুদ বিন হারুন।

❖ **সময়কাল:** ৭-১০ এপ্রিল, ২০২৫ (ঢাকা)। স্থান: হোটেল ইন্টারকন্টিনেন্টাল, ঢাকা এবং নারায়ণগঞ্জ- চট্টগ্রাম। বিনিয়োগকারীরা সরেজমিন পরিদর্শন করেন (মিরসরাই, আনোয়ারা, আড়াই হাজার) । উদ্বোধক: প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস।

❖ **উদ্দেশ্য:** বাংলাদেশের বিনিয়োগ সম্ভাবনা তুলে ধরা, জুলাই বিপ্লব-পরবর্তী অর্থনৈতিক সংস্কার প্রদর্শন এবং দীর্ঘমেয়াদী বিনিয়োগ সংযোগ তৈরি করা। স্টারলিংক ইন্টারনেটের টেস্ট রান ও এর মাধ্যমে বিশ্বব্যাপী সামিটটি প্রচারিত হয় (৯ এপ্রিল, ২০২৫)।

❖ সম্মেলনে বিডা ২০৩৫ সালের বাংলাদেশের রূপরেখা তুলে ধরে।

❖ চট্টগ্রামের আনোয়ারার কোরিয়ান রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা (কেইপিজেড)'র এর মূল প্রতিষ্ঠান ইয়াংওয়ানের চেয়ারম্যান কিহাক সাংয়েরকে সম্মানসূচক নাগরিকত্ব (অনারারি সিটিজেনশিপ) প্রদান করা হয় ৯ এপ্রিল, ২০২৫।

❖ কিহাক সাংয়ের আশির দশকে বাংলাদেশের পোশাকশিল্প উদ্যোক্তাদের মধ্যে প্রথম বিদেশি বিনিয়োগকারী।

৪টি দেশি প্রতিষ্ঠানকে পুরস্কৃত করা হয়: বিকাশ লিমিটেড, ফেব্রিক লাগবে লিমিটেড, ওয়ালটন ও স্কয়ার ফার্মাসিউটিক্যালস।

❖ **বাংলাদেশে বিনিয়োগে বিদেশি বিনিয়োগকারীদের চিহ্নিত প্রধান সমস্যাসমূহ:** দুর্নীতি, উচ্চ করহার, বিদ্যুৎ সরবরাহ ঘাটতি, অর্থায়নে সীমাবদ্ধতা, অনানুষ্ঠানিক খাতের আধিক্য।

❖ **বাংলাদেশে বিনিয়োগে আগ্রহী হবার কারণসমূহ:** সস্তা শ্রম, গভীর সমুদ্রবন্দরের সুবিধা, কর্মসংস্থান বৃদ্ধির সম্ভাবনা।

❖ **অগ্রাধিকারপ্রাপ্ত ৫ খাত:** কৃষি প্রক্রিয়াকরণ, নবায়নযোগ্য জ্বালানি, স্বাস্থ্যসেবা-ওষুধ শিল্প, টেক্সটাইল-পোশাক, ডিজিটাল অর্থনীতি।

## একনজরে আলোচিত অর্থনীতি

- গ্রামীণ ব্যাংকে সরকারের মালিকানা ১০%; গ্রামীণ ব্যাংকের পরিচালনা পর্ষদের সদস্য সংখ্যা ১৩ জন।
- Bangladesh Shilpa Bank এবং Bangladesh Shilpa Rin Sangstha-কে একীভূত করে Bangladesh Development Bank গঠিত হয় ২০০৯ সালে এবং ব্যাংকটি আনুষ্ঠানিকভাবে যাত্রা করে ৩ জানুয়ারি, ২০১০। সম্প্রতি সোনালী ব্যাংকের সঙ্গে 'স্বেচ্ছায় একীভূত'হওয়ার জন্য Bangladesh Development Bank সমঝোতা চুক্তি করে ১৩ মে, ২০২৪।
- ভ্যাট ফাঁকি রোধ ও রাজস্ব আদায় বাড়াতে দেশের ২৭ ধরনের ব্যবসা প্রতিষ্ঠানে Electronic Fiscal Device (EFD) বা ভ্যাট স্মার্ট চালান ব্যবহার বাধ্যতামূলক করেছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)।
- প্রথমবারের মতো ক্যাপিং পদ্ধতিতে ৪র্থ অর্থনৈতিক শুমারি অনুষ্ঠিত হয়: ১০-২৬ ডিসেম্বর, ২০২৪ (১০ বছর পরপর)। বিভাগভিত্তিক কর্মরত জনশক্তি বেশি ঢাকা বিভাগে ও কম বরিশাল বিভাগে। প্রথম অর্থনৈতিক শুমারি অনুষ্ঠিত হয় ১৯৮৬ সালে।
- দেশে প্রথমবারের মতো সমুদ্রপথে চট্টগ্রাম-সন্দ্বীপ ফেরি চলাচল: চট্টগ্রামের সীতাকুণ্ডের বাঁশবাড়িয়া ফেরিঘাট থেকে সন্দ্বীপের গুপ্তছড়া ফেরিঘাট নৌপথে আনুষ্ঠানিকভাবে চালু হয় ২৪ মার্চ, ২০২৫।
- মার্চ, ২০২৫; ৩.২৯ বিলিয়ন (৩২৯ কোটি) ডলার রেমিট্যান্স আসে, দেশের ইতিহাসে এক মাসে প্রবাসী আয়ের সর্বোচ্চ রেকর্ড।
- বিদ্যুৎ উৎপাদন ও সরবরাহের ভিত্তিতে বাংলাদেশের অভ্যন্তরে অবস্থিত সর্ববৃহৎ বিদ্যুৎকেন্দ্র পায়রা বিদ্যুৎকেন্দ্র।
- বাংলাদেশের সঙ্গে নৌপথে সরাসরি যোগাযোগ স্থাপিত হয়েছে পাকিস্তানে।
- লিঙ্গ সমতা, জলবায়ু পরিবর্তন মোকাবিলা ও অর্থনৈতিক উন্নয়নের জন্য সম্প্রতি বাংলাদেশ সরকার 'অরেঞ্জ বন্ড' ইস্যু করে।
- WTO'র বাণিজ্য সম্পর্কিত মেধাস্বত্ব অধিকার TRIPS চুক্তির আওতায় বাংলাদেশ ২০৩৩ পর্যন্ত ঔষধ শিল্পে মেধাস্বত্ব ছাড় পাবে। ফলে দেশের ওষুধের দাম বৃদ্ধি পাবে না ও রফতানি বাজারে এর সুবিধা পাওয়া যাবে।
- ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী এবং যশোরে চামড়াশিল্প নগরী স্থাপন করা হবে

# বাংলাদেশ বিষয়াবলি:

## ষষ্ঠ জনশুমারি ও গৃহ গণনা – ২০২২ [পূর্বনাম: আদমশুমারি]

❖ সময়কাল: ১৫ জুন ২১ জুন, ২০২২। প্রতিপাদ্য: জনশুমারিতে তথ্য দিন, পরিকল্পিত উন্নয়নে অংশ নিন।

❖ প্রাথমিক প্রতিবেদন প্রকাশ: ২৭ জুলাই, ২০২২। চূড়ান্ত প্রতিবেদন (ভলিউম-০১) প্রকাশ: ১৫ নভেম্বর, ২০২৩।

** প্রথমবারের মত প্রবাসীদের গণনায় যুক্ত করা হয়। **সহায়তা:** নাসা, যুক্তরাষ্ট্র।

| তথ্যপ্রবাহ | জনশুমারি ও গৃহগণনা ২০২২ | | আদমশুমারি ও গৃহগণনা ২০১১ |
|---|---|---|---|
| **জনসংখ্যা** | চূড়ান্ত হিসাব (ভলিউম-১) | গণনাকৃত জনসংখ্যা: ১৬,৫১,৫৮,৬১৬ জন<br>সমন্বয়কৃত জনসংখ্যা: ১৬,৯৮,২৮,৯১১ জন [পুরুষ: ৮,৪১,৩৪,০০৩/ নারী: ৮,৫৬,৮৬,৭৮৪ হিজড়া: ৮,১২৪ জন] | ১৪,৪০,৪৩,৬৯৭ জন<br>❑ পুরুষ: ৭,২১,০৯,৭৯৬ জন<br>❑ নারী: ৭,১৯,৩৩,৯০১ জন |
| **ক্ষুদ্র নৃ-গোষ্ঠী** | ১৬,৫০,৪৭৮ জন (১.০০%) | | ১৫,৮৬,১৪১ জন (১.১০%) |
| **জনসংখ্যা বৃদ্ধির হার** | ১.১২% | | ১.৪৬% (সমন্বয়কৃত ১.৩৭%)) |
| **জনসংখ্যার ঘনত্ব** | ১১১৯ জন | | ৯৭৬ জন |
| **নারী-পুরুষের অনুপাত** | ১০০: ৯৮.০৭ | | ১০০: ১০০,৩ |
| **নির্ভরশীলতা অনুপাত** | ৫২.৬৩ | | ৭৩ |
| **মুসলমান** | ৯১.০৪% [হিন্দু: ৭.৯৫%] | | ৯০.৩৯% |
| **গড় আয়ু** | ৭২.৪ বছর (পুরুষ ৭০.৮ বছর; নারী ৭৪.২ বছর) | | ৬৯.১ বছর (পুরুষ ৬৮.৩ বছর; নারী ৬৯,৯ বছর) |
| **সাক্ষরতার হার** | ৭৪.৮০% (পুরুষ: ৭৬.৭১%; মহিলা: ৭২.৯৪%) | | ৫১.৭৭% (পুরুষ: ৫৪.১১%; মহিলা: ৪৯.৪৪%) |
| **খানার সংখ্যা** | ৪,১০,০৮,২১,৭২০ | | ৩,২১,৭৩,৬৩০ |
| **খানার আকার** | ৩.৯৮ | | ৪.৫ |

### ❑ ষষ্ঠ জনশুমারি ও গৃহ গণনা-২০২২ অনুযায়ী বিবিধ আলোচিত তথ্য:

| ক্ষেত্র | বেশি | কম |
|---|---|---|
| **জনসংখ্যা** | জেলা: ঢাকা, বিভাগ: ঢাকা | জেলা: বান্দরবান, বিভাগ: বরিশাল |
| **জনসংখ্যার ঘনত্ব** | জেলা: ঢাকা (১০,০৬৭) / বিভাগ: ঢাকা (২,১৫৬) | জেলা: রাঙ্গামাটি (১০৬) / বিভাগ: বরিশাল (৬৮৮) |
| **জনসংখ্যা বৃদ্ধির হার** | জেলা: গাজীপুর (৩.৮৭%) /বিভাগ: ঢাকা (১.৭২%) | জেলা: ঝালকাঠি (-০.২৮%) / বিভাগ: বরিশাল (০.৭৯) |

| | | |
|---|---|---|
